७>৯। कांगात हाट्य ताहेनमाह धरात नाम्य।

৬২০। কাপড় না পরিলে, তাহা কীটের আহার।

৬২১। কামারের দোকানের কুকুর কি হাতুড়ীর শব্দে

ভয় করে ?

- ৬২২। কাশী দর্শনের পর कि থোঁড়া সন্ন্যাসীর পায়ে পডিব ?
- ৬২৩। কুকুরের মুখ চুম্বন করিলে সেও তোমার মুখ চাটিবে।
- ৬২৪। কুকুরেরে ধৌত করি রাখ সিংহাসনে। তথাপি ধাইবে সেই মল অম্বেষণে॥
- ৬২৫। কুড়ালীতে কাঠ কাটার ন্যায় তিনি সকল কথার সিদ্ধান্ত করেন।
- ৬^২৬। কুমীর আপেন নিবাস **জল মধ্যে হ**াতী ধরে।
- ৬২৭। কুস্তুকারের বহু দিবসের পরিশ্রম এক দিনে নষ্ট।
- ৬২৮। কুপ ধনন করিয়া কি তাহাতে বাং ভর্ত্তি করিবে ?
- ৬২৯। কৃপ খনন করিলেই কি তৃষ্ণা শান্তি হয় ?
- ৩৩০। কূপ থেকে যেত জ**ল** তুলিবে, ততই **উনুই ভ**াল চলিবে।
- ৬৩১। কৃপমগুকের রাজ্যের খবরে আবিশ্যক কি?
- ৬৩২। খেঁকশিয়ালের ল্যাজ দিয়ে কৃওর গছেরামাপা যায়না।
- ৬৩৩। খরগোশ কাছিমের মত ডিম্পাড়্তে গিয়ে চোক কেটোমলা।

৬৬৪। খরগোশ তাড়াইকা ঝোপে আঘাত।

৬৩৫। খিড় কীর দোর দিয়ে কেহ হাতী চড়ে না।

৬৩৬। খোড়ামুগীর বদলে ছাগল বলিদান।

৬৩৭। গলাটী ছুঁচের মত, পেট্টা থলোর প্রায়।

৬৬৮। গাছটীর ছায়া ভাল, কিন্তু কাঠপিপ্ডার দৌরাআ বড।

৬৩৯। গাড়ীর উপর না, নায়ের উপর গাড়ী।

৬৪০। গাধা কি জানে মৃগনাভির গন্ধ?

৬৪১। গাধাকে ইক্ষু দিয়ে প্রহার করিলে সে কি তার রমাস্থাদন পায়?

৬৪২। গাধার কালে ধরে তুমি শিথাও নানা কথা। হোঁকা হোঁকা বৰ তার নাহৰে অন্যথা॥

৬৪৩। গির্গিট খোঁজে **জহ্ল,** ভেক খোঁজে **জল।**

৬৪৪। গুড়য়ড়ে পাখী আংকাশে উঠিলেও চিল হয় না।

७८८। श्रुद्र (प्राकारक शिश्हां मत्न वमाहित । श्रीकार ।

৬৪৬। গোঁফ রাখ্তেও ইচ্ছা, ঝোল খেতেও ইচ্ছা।

৬৪৭। গোবর গাদা উচ্চ হলেই কি ? রাজ বাটীনীচ হলেই কি ?

৬৪৮। গোরু কালো বল্যে কি দুধও কালো হবে ? ৬৪৯। ঘর্ষণে চন্দনের গন্ধ ক্ষয় পায় না। ৬৫০। ঘানী চালবার জন্যে কি গাঁওছি লোকের প্রয়োজন?

৬৫১। ঘেউ ঘেউয়া কুকুর শীকারী হয় না।

৬৫২। ঘোড়া কিনে লাগামের জন্য ঝগ্ড়া কেন?

৬৫৩। ঘোড়ার স্বভাব জেনেই ঈশ্বর শিং দেন নাই।

৬৫৪। চক্ষু কাণা বলিয়া কি নিদ্রার ব্যাঘাত হয়?

৬৫৫। চকুতে তেল লাগিলেই জ্বলে, জ্বলে নাকো

৬৫৬। চাঁদ দেখে কুকুর চেঁচালে, চাঁদের ভাতে কি ক্ষতি ?

৬৫৭। চাউল ছড়ালে কুড়ান যায়। জল ছডালে কুড়ান দায়।

৬৫৮। চারি শের বিষের কি দরকার?

৬৫৯। চিনী কথাটী মাত্র চাকিলে মিট লাগে না।

৬৬০। চুল্চলে না যথা। এমন বন্ধত্বে ঋণ, করিল স্বন্যথা।

এমন বন্ধুছে কান, কারল অন্যথা। ৬৬১। চুল পুড়িয়ে আমংরাহয় না।

৬৬২। চোর আর মালী একারা।

৬৬৩। ছুনীর ধার আছে কি না? তা বি খাপ কেট্যে পর্থ কর্ত্যে হবে?

৬৬৪। ছুঁচ, সোণার **হলেই** বা কি ?

৬৬৫। ছোট লোকে বড় লোক হল্যে, রাত্রিকালেও ছাতি ধরায়।

৬৬৬। জলের গহেরা মাপা যায়।

মনের গহেরা মাপা দায়॥

৬৬৭। জাঁতার বল, নাপেষকের ব**ল** ?

৬৬৮। কড়ের মুখে শুক্না পাতা।

৬৬৯। ঝাঁটার পেটে রেসমের থোপ্।

৬৭০। ঝুড়ীটী ছেঁড়া, কিন্তু ধারিটী পোক্তা।

৬৭১। ঝোল রাদ্ধিবার জন্যে কি মুর্গীর অনুমতি চাই?

৬৭২। চিল্টী পাইলে কুকুরটী নাই। কুকুরটী পাইলে চিল্টী নাই।

৬৭৩। তাঁরে বিড়ালের মত ধাঁচা, কিন্তু বাছের মত লাফ্।

৬৭৪। তার পেঁচার ন্যায় তাকানী।

৬৭৫। তালের কোঁড় হাতে ভাঙ্গা গেলে মূধল মুদ্দা রের প্রয়োজন কি ?

৬৭৬। তিনি পা দিয়ে যাহা বাঁধেন, তাহা হাত দিয়ে কেউ থুলতে পারে না ।

৬৭৭। তীরের উপর যত রাগ, তীরন্দাজে নাই।

৬৭৮। তুলা আর আন্তুণ কি একত্রে সাজান যায়?

७१৯। शुधु (थरा भिभामात मांखि इग्र ना।

৬৮০। দর্পণের ভিতর এক মোটু টাকা দেখার ন্যায়। ৬৮১। দিনের মধ্যে তিনবার নাইলেও কাক কখন বক হবে না।

৬৮২। দুঃখার্ত্ত জনের অঞ তীক্ষ্ণ অসি।

৬৮৩। দুধও শাদা, হোলও শাদা।

৬৮৪। দুধ্^ৰ কি আবার গোরুর পালানে ফিরে যেতে পারে ?

৬৮৫। দুউ লোকের ঘরেও চাঁদের আলোপড়ে। ৬৮৬। ধীর জলে পাষাণ বিদ্ধে।

৬৮৭। ধোৰা জানে গ্ৰাম মধ্যে দুংখী কোন্নর। স্থাকার জানে কেবা ধনের ঈশ্বর।

৬৮৮। নাকের লোম ছিঁড়িলে কি কথন শরীরের ভার লাঘর হয়?

৬৮৯। নিকামান্যে নাপিত বিড়াল ধরিয়া কামায়।

৬৯০। নিকেধি আর কুমীর আপনার মুট ছাঙ্ে না।

৬৯১। নিম্বর্মা চাষার ৫৮ খানা কাস্তা।

৬৯২। নেংটে মারিবার সময় কি জন্ম ঢাক বাজাতে হবে?

৬৯৩। নেংটের দৌরাস্থাে ঘরে আঞ্চা দিবার ন্যায়। ৬৯৪। পরিবারের মধ্যে কর্জি, আরু হাজের তেলতে পঁচিড়া, এ দুই স্মান।

- ৬৯৫। পরের তবে ক্রাইতে এস্যে দীদানার তক্রার কেন?
- ৬৯৬। পর্বত চাঁদমারী হল্যে কাণাও লক্ষ্য ভেদ করিতে পারে।
- **৬৯৭। পর্বাতে**র প্রতি যদি কুকুর ফুকুরে । পর্বাতের ক্ষতি, না কি, ক্ষতিটী কুকুরীর ?
- ৬৯৮। পাতরের ছাল ছাডান।
- ৬৯৯। পাপীসহ বন্ধুতায় সার হয় শোচা ।
 কুপথ ভ্রমণে যথা পায়ে লাগে থোঁচা।
- 900। পায়ে যদি ছোট একটী কাঁটা কোটে, তবে তাহাকেও বাহির করা উচিত।
- ৭০১। পিঁপড়ে আপন হাতের চারি হাত লম্বা।
- ৭০২। পিতল ঘৰ আরি মাজন, তার গন্ধ যায় না।
- ৭০৩। পিপাদায় কাতর হল্যে, দুরস্থ জলে ফল কি?
- ৭০৪। পুরুর গাবিয়ে চিলকে মাছ খাওয়ান।
- ৭০৫। পুকুর না কাট্তেই কুমীরের বাস।
- ৭০৬। পুষ্, পুষ্, করিয়া ভাকিলে কি বিভালে আবার গোলামী কর্ত্তে আদৃ বে।
- ৭০৭। পোষা ময়নার দার। বিড়ালের নিকট থবর পাঠান ।
- ৭০৮। ফুঁপাড়িয়া রদায়ন শিখ, জভ্যাস দারা শাস্ত্র শিখ।

৭০৯। ফেণ খেয়ে গোলাব জলে আঁচান।

৭১০। বক জানে না কুঁকডার ছা ধর্তে।

৭১১। বাঘের ঔরদে জন্মিয়া কি থাবা ছাড়া হয় ?

৭১২। বাঘের হামাঞ্ডী লাক দিবার উপক্রম।

৭১৩। বাজুনা বাজিয়ে ধান তানিলেও তৃষ ছাড়া হয়না।

৭১৪। বানরের হাতে ফুলের মালা।

95৫। বাপের খোদা কৃপ বল্যে কি তাতে বাঁপ দিতে হবে?

95%। বালিশ বদলালেই কি মাথা ব্যথার লাঘব হয়?

৭১৭। বিড়ালের খেলায় নেংটের মৃত্যু।

৭১৮ ৷ বিদ্যা তক্ন বাড়াইতে সেঁচ চক্ষুৰ্জল।

৭১৯। বুড়ী নিকটে গেলেই পাঁচিল পড়ে।

৭২০। বেণে, নদী শুদ্ধ জল করিল সেচন। একটী মরিচ পুনঃ প্রাপণ কারণ॥

৭২১। বেদিয়ার পাল্ল। পাওয়ার ন্যায় হস্তান্তর হইল।

৭২২। বৈদ্য ঔষধ দিয়ে ফিরিভেছেন, ওদিকে ঘরে ঘারের পোকায় তাঁর স্ত্রী মরিল।

৭২৩া ব্যাং মুখের হা বাড়াইয়া মরিল।

৭২৪। রুটি থেমেছে, কিন্তু শুঁজুনী থামে নাই।

৭২৫। ভাত খাইয়ে গলা কাটা।

৭২৬। ভাত ছড়ালে হাজার কাক আসে;

৭২৭। ভীরুর নিকট আকাশ, রাক্ষ্সে পূর্ণ।

৭২৮। ভূধী খেকো মারুষকে তুরী বাজাইতে বলা।

৭২৯। ভেড়া ভিজিতেছে বল্যে বাঘের আছাড়ি বিছাডীকালা।

9৩০ । ভোজনের বেলায় আগে বসে। লডায়ের বেলায় সবার শেষে।

৭৩১। মগ ডালের ফুল দেবতায় দান।

৭৩২। মডার হাতে তামূল দান।

৭৩৩। মধু থাক্লেই মৌমাছী তাকে থুঁজে বাহির কর্বো।

৭৬৪। মন্দিরের বিড়াল বল্যে ঠাকুর পূজা করে না।

৭৩৫। মহা প্রলয় পর্য্যন্ত বর্ষিলেও থাপরায় কথন ধান জন্মিকে না।

৭৩৬। মহিষী প্রসব না হত্যে ঘীয়ের দর প্রচার।

৭৩৭। মাথায় উঠিলে জল কিবা প্রয়োজন। আথ হাত এক হাত করা নিরপণ॥

৭৬৮। মানুষ পঞ্চাশ হাত দুরে গেলেও পাপ কথন ছাডে না।

৭৩৯। মার্,ধর্, করের যোড়া আরে ছাতা দান।

980। মালাধারী বিভাল ধর্মোপদেশ দাতা।

98১। মাদুল আর ফেন, ক্রমে ঘন হয়।

- ৭৪২। মুখ টক্না আন্ব টক।
- ৭৪৩। মুখ বিজী হল্যে দর্পণের দোষ কি।
- 988। মুর্গীর আঞ্চার লোমোৎপাটন।
- 98৫। মোকজনায় এক পক্ষের নালিস মূতার চেয়ে সোজা।
- 98৬ া মোরগ আর কুকুর না ডাকিলে কি প্রভাত হয় না ১
- 989। মৃত্যু পরে বল কেবা করছে সন্ধান।
- १८४। श्रुथिती छेल्टिए किन्ना तरग्रह ममान ॥
- 98%। যথন হাতী পর্য্যন্ত দান, তথন অঙ্কুশটা লয়ে। বংগুড়া কেন?
- ৭৫০। যাহার জড়তা অতি না চলে চরণ। পাঁচ ক্রোশ দূর তার ঘরের প্রাহ্বণ ॥
- ৭৫১। যাহার পুরাণ যা আছে, সে অর্জ চিকিৎসক।
- ৭৫২। যাহার মরণে ভয় নাই, তার নিকট সমুদ্রেও হঁটুজল।
- ৭৫৩। যে খরগোশ টা পলায়, সেই খরগোশ টা বড় নয়?
- ৭৫৪। যে গাছে কেউ উঠ্তে পারে না, তার ফল অসংখ্যা।
- ৭৫৫। যে শুরু চালের উপর উঠে পাখী ধর্ত্যে পারে না, সে আবার বৈকুষ্ঠে নিয়ে যাবে ?

৭৫৬। যে জন ছেদ্ন করে সেই তরুবরে। সেই তরু ছায়া দান করে সেই নরে॥

৭৫৭। যে দেশে গাধার লোমোৎপাটন হয়, সেই দেশ।

१৫৮। যে দেশে মুসলমান নাই, সেই দেশে কাক নাই।

৭৫৯। যে ভাতুক না কেন, চাউল্ হলেই হয়।

৭৬০। যেমন জোরে আঘাত, তেমনি গোলার প্রতি-ছাত।

৭৬১। যে মাংস খায় সে উদর পীড়ার ঔষধও জানে। ৭৬২। যৌতৃক দিবার ভয়ে কাণা-কন্যাকে বিবাহ করা।

৭৬৩। রাগভরে নাক কাটিলে হাঁদিতে জোড়া যায় না।

৭৬৪। রাগাল যাঁড়ের নিকট শ্রুতিরার্ডি ।

৭৬৫ । রাজহঁচের চাইল্ শিখ্তে গিয়ে, কাক আপ-নার চাইল্ পর্যাস্ত ভুলে যায়।

৭৬৬। ল্যাজু ছেঁড়া চিলের মত।

৭৬৭। শিশিরপাতে কি পুকুর পূরিবে ?

৭৬৮। শিশিরের ভরসায় চাম চমা।

৭৬৯। সমুদ্রের মাজখানে পরিত্যাগ।

৭৭০। সর্ব্যা আর ইক্ষু না পীড়িলে উপকার নাই।

৭৭১। স্থ্যার দানা হাজার ছোট হোক্, ঝাল কম নয়।

৭৭২। সমুদ্র অপেকা মহা গুণ।

৭৭৩। সমুদ্র শুকালে মাছ খাব বল্যে বক শুকিয়ে মরিল।

৭৭৪। সহস্রক্ত কি চন্দ্রের সমান।

৭৭৫। সহস্রমারী চিকিৎসকঃ।

৭৭%। সাপকে দুদ খাওয়ালেও বিষের লাঘব হয় না।

११%। माल्यत मीर्घडारे क्वन विष्यं नय।

৭৭৮। স্কুক্তেই ধদি সাঁতার জল, তবে পারে যাবে কেমনে?

৭৭৯। সেতৃতক্ষ কারী অই প্রবাহের নীরে। হাজার ডাকহ তুমি আমিূবে না কিরে।

१४०। श्वर्भशामी लाटकत ठतकात्र ध्राक्रम कि?

৭৮১। হাজার টাকা দিলেও কাটাকাণ জোড়া যায় নাঃ ৭৮২। হাজার থান মোহর দিয়ে হাতী কিনে, অস্কুশ

কিনিবার সময় অঁটোআঁটি।

৭৮৩। হাড়ের ভিতর ঘা হোলে আর্শীর প্রয়োজন কি?

৭৮৪। হাতী **সদেশে,** বিড়াল বিদেশে।

৭৮৫। হাবড়ে পজিলে হাতী কাকে মারে ছেঁ।।

৭৮৬। হিঙ্গু যথা ত্রব হয় অপার সাগরে।

বাতাস যেক্লপ বন্ধ কলসী ভিতরে॥ ৭৮৭। ক্ষত হেতুবলীবৰ্ক হয়েছে অস্থির।

৭৮৮। রক্ত পূষ ভোগীকাক ক্ষুধায় অন্থির।

हीनदम्भीय अवाम।

रहरा र मूर्य में प्रविश्वास माल र्ययम ना ।
৭৯০। এক দেওয়ালে দূই দেওয়ালের কাজ।
১৯১। এক ক্ষণের ভ্রম, চিরকালের অনুতাপ।
৭৯২। কথাটী মুখের বাহির হোলে এক আক্ষেহিণী
সেনা দারা ফেরুর না।
(মুখের কথা হাতের ঢিল্ ছাড়লে আর
ফেরে না।)
৭৯৩। কাণা যদি কাণাকে পথ দেখায়, তবে দুজনেই
আশ্তনে পড়িবে।
৭৯৪। খাটী দোণা হোলে আগুন উক্তে হয় না।
৭৯৫। গাছ পড়িবার পূর্বের বানরের চম্পট।
৭৯৬। গাধার উপর চড়ো আবার মেই গাধার তল্লাস।
(কাকে কাণ নেগেল বলে কাকের পেছু পেছু
দেড়ি গ্ৰ।)

৭৯৮। চাঁদ কিছু সর্বাদা গোলাকার নন্, মেঘেরাও

৭৯৭। গোরুর নিকট বাদ্য বাজান।

ছড়িয়ে পড়ে।

৭৯৯। চিলের সঙ্গে কস্তরার বিবাদে জেলের মাত্র লাভ। ৮০০। ধনুকের নিকট চল তফাৎ হোলে লক্ষ্যের নিকট

ত্ত। বসুকের । বন্ধ চুল ওকাৎ হোলে লক্ষ্যে আধক্রোশ তকাৎ।

৮০১। नमी चूलिय मिरय मयला जल वरला निन्मा कता।

৮০২। পাতরের সহিত আগুার নড়াই। (খাডায় কুমডায় বিবাদ।)

৮০৩। পুকুর ভরাট হয়, কিন্তু বাসনার ভরাট নাই।

৮০৪। বনচর তরে আ'ছে বহু বনস্থল। জলচর জন্যে আছে সুবিস্তর জল 🏽

৮০৫। বাঘ মরিলে চামড়া রেখে যায়। মানুষ মরিলে নাম রেখে যায়॥

৮০৬। বাঘে হরিণে এক পথে চরে না।

৮০৭। বাতাস না থাকিলে গাছ নড়ে না॥

৮০৮। বায়ু আর রুট্টির পরিমাণ নাই (অর্থাৎ ভাগ্যের স্থিরতা নাই।)

৮০৯। বুদ্ধি মানের নিকট এক কথাই যথে**ট ।** ভাল ঘোড়ার গায়ে একবার চাবুক ছোঁয়ানই যথে**ট**।

৮১০। ভাল লোহাতে পেরেক্ বানায়না, ভাল মানুৰে সিকাই হয় না।

৮১১। মাগ করিবে মন পরুকে। বাঁদী রাখিবে মুখ দেখে। ৮১২ 1 মার্য জানে বর্তমান, ঈশ্রমাত্র ত্রিকালজ্ঞ। ৮১৩। মার্থের মুথ দেখে কিছু বুঝা যায় না। কাঠাতে সিন্ধুর জল পরিমাণ পায় না। ৮১৪। যে হরিণ মারে, সে খরগোশের প্রতি লক্ষ্য

করে না। ৮১৫। রাজবাড়ীর সকল কড়ীকার্চ এক গাছে জন্ম নাট।

৮১৬। সন্তানেরে শিকা দেহ ভূমিষ্ঠ অন্তরে। বনিতার শিকারস্ত বিবাহ বাসরে॥ ৮১৭। মুন্দর হইলে প্রায় দুঃখে কাল যায়। ৮১৮। সূর্যোর প্রতি যে চায়, সে হয় কাণা। ৮১৯। বজের প্রতি যে কাণ দেয়, সে হয় কালা।

পঞ্জাবী প্রবাদ।

-•0XG•-

৮২০। আনাড়ী তাঁতি উচু জায়গায় সূতা পাতে। ৮২১। একটুকথানি আঞ্চন নিতে এস্যে, এখন বলে আমি ঘরের গিন্নী। ৮২২। কাণা ফুর্গীর নিকট পোভা দানা ছড়ান।

- ৮২৩। গরবিণী গরবেতে, এই পরেন নাকে নত, এই পরেন কাণে।
- ৮২৪। গোতুরে পাখীর মাথায় টাক, কিন্তু মণ্ডালেতে বাসা।
- ৮২৫। ঘরে নাইকো কাপাদ সূতা, তাঁতীর সঙ্গে নিত্য কোনল।
- ৮২৬। চাষা যদি ককীর হয়, তবে পিঁয়াজ তার জপ-মালা।
- ৮২৭। চকুহীনের নাম পদ্মলোচন।
- ৮২৮। জিলাপীর ধবরদারীতে চোরা কুন্তীর প্রতি ভার।
- ৮২৯। তেতালার উপর বস্যে তিন ছটাক খিচ্ডী রাশ্বা।
- ৮৩০। তোমার নাম পথ্যস্ত জানিনে, অথচ তুমি বল্ছ তুমি আমার ডাইপো।
- ৮৩১। নাচুতে না জেনে নাচুনী বলে উঠন বাঁকা।
- ৮৩২। পর প্রতিজ্ঞাত ঘোলের লোভে গোঁফ কামান।
- ৮৩৩। বাপ মেরেছিল উকুন বলে।
 - ছেলে বলে আমি ধর্কারী।
- ৮৩৪। মদগৰ্কী পিয়ালাপেয়ে জল খেয়ে খেয়েপেট ফুলান।
- ৮৩৫। মাকুড়ান বিল ঘুঁটে ইশ্বনের তরে। পুত্র হোগা যারে তারে হীরা দান করে।

৮৩৬। মাছিলেম মূলা, বাপ্ পিঁয়াজ। ছেলৈ সেজে-ছেন জাফ্রান।

৮৩१। স্ত্রীলোক সন্ন্যাস ধর্ম নিলেও তার বাসন কুশন কমেনা।

৮৬৮। হাজার কুকুরে স্থান দেহ শ্যাগারে। অবশা যাইবে ক্রোশ থকা চাটিবারে।

৮৩৯। ক্ষুধার ত্বালায় ঝালা পালা হৈল একেবারে। মুখে জাঁক মাগিয়েছে ময়দা পিষিবারে।

৮৪০। ক্ষুরের বদলে ভূতন নাপিতের চেয়াড়ীতে কামান শিকা।

সর্বিয়া দেশের প্রবাদ।



সর্ব্বিয়া, ইউরোপীয় তুর্ক দেশের অন্তঃপাতী।

৮৪১। আপন হোতে ফল পাকিলে গাছে দিওনা নাড়া। ৮৪২। আপন পক্ষে লড়িবার জন্যে নির্বোধকে যদি প্রাচাও, তবে বস্যে বস্যে কাঁদ। ৮৪৩ । ঈশ্বের শ্রীচরণ কৌষেয় কোমল। কিন্তু লোহময় তাঁর হয় করতল।

৮,৪৪। একটি পার। * দিয়ে বুড়ী, কোল∤ ↑ নাচ্তে যায়।

দুটি পারা দিয়ে তবে পরিত্রাণ পায় ॥

৮৪৫। ঘোড়াকে মার্ত্যে দেখে ব্যাঙ্ও পা উঠায়।

৮৪৬। চোকে দেখে বিয়ে করা অপেক্ষা, কাণে শুনে বিয়ে করা ভাল।

৮৪৭। টাক পড়া মাথা কামান সহজ।

৮৪৮। তীক্ষ্ণ অস্ত্রের জয় নহে, বীর-বুদ্ধির জয়।

৮৪৯। নারীর বন্ধ আর্ত্তনাদ। চোরের বল মিগাবাদ॥

৮৫০। নেক্ডেকে জিজাস কোন সময়ে বড় হিম ।

সে কহিবে সূর্য্যোদয়ের সময়।

(অর্থাৎ সে সময়ে তাহার থ্রাম মধ্যে প্রবেশ করিবার সাধ্য থাকে না)।

৮৫১। পথের ধারের গাছ, সহজে কাটা পড়ে।

৮৫২। পিড় হীনের রোদন, লাঙ্গলের ফাল্কেও বিজে।

[•] স্বিরা দেশীর প্রসা।

र् डेक रमनीस मुखा बिटनव, हेश युवा ल्लाटकत माधा ।

- ৮৫৩। পেঁচা পিঁপ্ডেকে গালি দিল, "মর্লো মর্ থেব্ডা মুখী ॥
- ৮৫৪ । বুড় কুকুর ডাকিলে সাবধান হোয়ে দেখন ব্যাপারটা কি ।
- ৮৫৫। মধু হওয়া ভাল নহে, সবে চেট্টো নেবে। গরল হোয়োনা, থখ করে ফেলে দিবে॥
- ৮৫৬। মৌমাছির ফুলে ফুলে ভ্রমণবং মানুষের জ্বগতে ভ্রমণ।
- ৮৫৭। যদি দেশ শুদ্ধ তোমাকে মাতাল বলে, তবে নাচারে পড়িয়া গড়াগড়ী দাও॥
- ৮৫৯। যে ব্যক্তি আঞ্চন পোহাবে, তাকে প্রথমে ধোঁয়া সহিতেও হবে।
- ৮৫৮। যে হাত কাটিতে না পার, তাকে চুম্বন কর।
- ৮৬০। সকল দুঃখের জন্যে মৃত্যুই মলম।
- ৮৬১। সত্য কথা কও, কিন্তু এক দৌড়ে পালিয়ে এস।
- ৮৬২। সাপে খেকে। লোকের গিরগিটে ভয়।
- ৮৬৩। সূর্য্য সেতথানার উপর দিয়ে যান বল্যে অপবিত্র হন না।
- ৮৬৪। ক্কুধার্ভি ভাঁশদের আস্তে দেওয়ার চেয়ে, পেট-ভরা ভাঁশদের কামড় সহ্য করা ভাল।

মহারাফ্রীয় প্রবাদ।

৮৬৫। এই সব লোক কভু সুখী নাহি হয়। হিংসামদে মন্ত. মোহ মুগ্ধ অতিশয় # অসম্ভুষ্ট তথা যার রুষ্ট ভাব অতি 1 চিন্তাকুল, আর যার পর অন্নে গতি॥ ৮৬৬।কুসংসর্গে ধার্ম্মিকের ধর্ম্ম হয় ক্ষয়। পোড়া কাঠ সঙ্গে তক্ত পুড়ো ভন্ম হয় 🏻 ৮৬৭। জ্বাতি কুটুমের মহ রাখহ প্রণয়।* কাষ্ঠ ভিন্ন ভিন্ন হোলে অগ্নি নাহি রয়। ৮৬৮। প্রান্তরে বৃহৎ বৃক্ষ ভূমিদাৎ বড়ে। • শুলালতা আড়ে থেকে কভু নাহি পড়ে[‡] ৮৬৯। পঞ্চেক্রিয় মধ্যে যেটি নাহি হয় বশ। সেই পথে বাহিরায় জ্ঞান স্থধারস 📗 যথা মদকের * বেই স্থান যায় চিরে 🌬 সেই স্থান দিয়ে জল ধাবিত বাহিরে রাখালের। গোরু রাখে পাঁচনীর বলে। ঈশ্ব খাসন দক্ষে মান্ব মঞ্লো 🏾

ভিন্তী ইতি অসংলগ্ন প্রয়োগ।

৮৭১। সাবধানে শুনে আর বুঝে এক ক্ষণে। জ্ঞানীর লক্ষণ এই কহে বিচক্ষণে।

हिन्मि अवाम ।

৮৭২। আগস্তুকের মার বন্ধ হল্ডের বন্ধনে।
নিশকের মুখ বন্ধ করিব কেমনে।
৮৭৩। আখণে আধি বিদ্যা শিক্ষা জীবনে মরণ।
অসম্পার্ন বিদ্যা বল কোন্ প্রয়োজন ।
৮৭৫। আপন হাত, জগনাথ।
৮৭৫। আপন ব্যয়ে উদর ভরে।
তোমে কিন্তু রম্বই করে॥
৮৭৬। এক শ খানি মুখের কথা চেয়ে।
লেখা কথা একটি হইলেও মানে সকল ভেয়ে
(শতং বদ মা লিখ)
৮৭৭। কাক মারিলে হাড় মান কিছুই নাই।
৮৭৮। খোঁজার চেয়ে সোজা ভাল।
৮৭৯। চার খেয়ে পলাইল তিত্র চকোরগণে।

जून कूफ़ कीत প्रांग शान कारनत वक्रतन I

৮৮০ । চুগল থোরের শিক্ড পাতরের উপর। (অর্থাৎ স্থায়ী নহে)।

৮৮১। চোরকে বলে চুরী কর্ত্যে, গৃহস্থকে বলে দাব-ধান হতে।

৮৮২। চোরের শিকড় পাতরের উপর।

৮৮৩। ডালপালা হীন গাছে ফল ধরে না কভু !

৮৮8। मूथनी शहरत नांशील जान।

৮৮৫। নাপিতের বিবাহে বর্ষাত্রী মাত্রেই বরকর্ত্তা।

৮এ৬। পাঁতের সঙ্গে সহবাসে আপদ বিপদ নাই।

৮৮৭। পেট ভরি**লে**•ফীরে মহিষের গন্ধ কয়।

৮৮৮। বাঁমুণের **সঙ্গে** মড় ইপোড়ার সহ মরণ।

৮৮৯। ভাল খাব, ভাল পর্ব্য, কার্য্যে কিন্তু কুড়ে।

ঘোল যাঁড় যেমন হাল বছেন। বেড়ায় খাদ্য চঁডে।

৮৯০। ভালুকে মারিল বাপে। পোড়া কাঠ দেখে পুত্র কাঁপে।

৮৯১। মার ছুরি, লাগে ভাল, না লাগে ভাল।

৮৯২।রাড্কে রাড়, আরে বাড়কে বাড় বলার ফলকি:?।

৮৯৩। রাম রাম মুখে, ছুরী রেখে বুকে।

৮৯৪। শ্রেদার ছোলা মুটাও ভাল অংশকার আবাঙ্গর থাবাটাও কিছুনয়। ৮৯৫। সেকরার ঠুক্ ঠাক্, কামারের এক ঘা। ৮৯৬। হাতীর মঙ্গে, ভেরেঞ্জা গাছের লড়াই। ৮৯৭। হাতে ব্রিনিস্ পাঁচীলে সন্ধান।

উৎকল দেশীয় প্রবাদ।

शंकर

৮৯৮। অকশ্বা মানুষ যেদিকে যায়।
দেব দেবী তথা হৈতে পলায়॥
৮৯৯। অবোধ রাজার কাছে বার্থ মনোরথ।
মাটার ঘোড়াতে যাওয়া যোজনেক পথ ॥
৯০০ ৷ অপ্প আয়ী, বহুবায়ী, হেন মানবের।
খাটো আঁচলের দশা, নাহি দিতে ফের
৯০১। অপ্প কথায় যে হয় ঠেঁটা।
জায়ারে যাতনা দেয় যে বেটা॥
কুড়ে গোরু ঘরে ডাগর পেটা।
যম ঘরে কেন বাইবে সেটা॥
নিতি নিতী ঘরে মরণ লেটা॥

৯০২। কিছু মাত্র ভেদ নাই নির্মাল চিনীর। সমান সুমিউ তার অন্তর বাহির॥

৯০৩। খাল জনী চাস।
জীর খণ্ড থাস॥
খাটো বার মাস, খাতির যে করে হেন থাসি-

৯০৪। গভীর নদীর সমান আশা। কুড়ীরাদি বহুজীবের বাসা॥

ন্দের পাশ 🛙

প্রবেশ করোনা সে কর্মনাশা॥
৯০৫। ঘোরতমঃ পরিপূর্ণ-শরীর মন্দির।
জ্ঞানদীপ ভালি কর তিমির বাহির॥

৯০৬। ডাব, মূথ খোলা। নির্কোধ গোফালা॥ মিছে কপায় হৃন্দু। এই তিন মনদ॥

৯০৭। দাসী হৈয়ে ব্রত একাদশী উপবাস। বারি ভার বাহিনীর বান্ধা কেশ পাশ। যে বিহঙ্গ বাসা করে রাজপথ পাশ। তাদের মঞ্জ নাহি, হয় সর্বনাশ॥

৯০৮ । मूर्य घडिटल मा। नहीं घडिटल ना॥

৯০৯। धर्म ममान स्रुप नारे।

মরণের সঙ্গী যে হয় ভাই।

''একএব স্থহদ্ধ নিধনে২পানুষাতি চ।''

- ৯১০। পাঁচে যারে ভাল নাছি বলিল কখন। বিফল জীবন ভার উচিত মরণ॥
- ৯১১। প্রথমে প্রণয় বড়, দীমা নাহি তার। পরিশেষ এক লেশ প্রাপ্ত হওয়া ভার॥
- ৯১২। প্রদীপ নির্মাণ হইলে পরে। তৈল দান কর কিসের তরে॥ "নির্মাণদীপে কিয়ু তৈল দানং"
- ৯১৩। প্রবল নদীর বেগ, এক ভাব ধরে। ভূণ তরু উভয়েই উন্মূলন করে।
- ৯১৪। পীরিতের সীমা মোর বল দিবে কেবা। যে পা ধরে তার, পদ পদ্মাকার, করয়ে বিহার, তারে শস্তুজ্ঞানে আমি, দান করি সেবা।
- ৯১৫। বিশ্বাস যাতক যেই হয় দুরাচার । তার চেয়ে পাপী কেবা সংসারেতে আর ॥
- ৯১৬। বুঝি, লো নন্দিনি তুই হইলি পাগল। কাঠের ঘোড়ায় কড় নাহি পিয়ে জল ॥
- ৯১৭। ভগবৎ ইচ্ছা ডেরি গাভীনর চয়। যে দিগেতে টানে সেই দিগে যেতে হয়॥
- ৯১৮। মন যদি আছে, তবে মালাজপ ভাই।
 মালাজপ কেন সিছে মন যদি নাই।

৯১৯। মনেরে পাথর করিবে যেই। পীরিতি পথের পথিক দেই॥

৯২০। মানস মাতাল মাতক প্রায়। সতত বন্ধনে রাখিবে তায়॥

৯২১ 1 যাহা নাহি দেখিয়াছ আপন নয়নে। শুকু বাকা হইলেও নেনোনাকো মনে॥

৯২২। যাহার হয়েছে হত সকল আহাস। সেই করে অপরের আখাস বিনাশ।

১২৩ 1 বাহার মানস মৃদ্য চপল। বিফল তাহার ক্রিয়া সকল॥

৯২৪। যেই ঘরে আগলো করে মণির মণ্ডল। কি করিবে তথা বল প্রদীপ সকল।

৯২৫। যেই জন ভোরে, কুকথা কঠোরে, জ্বালাতন করে ভাহার সনে। দ্বন্দ্র নাহি কর, গঞ্জিবে অপর, শুন শ্রবনে, দেখ নয়নে॥

৯২৬। রজক না থাকে যদি গ্রামের ভিতরে 1 উলক্ষের তাতে কিছু ক্ষতি নাহি করে॥

৯২৭। রমণীর বিমোহন, ঘর বর স্থশোভন। ঘরে কিছু থাকু আর নাহি থাক্ ধন।

৯২৯। বাইট, কাহন বায় মিছে কার্য্য প্রতি । এক কডা নাহি মাত্র হরি পদে রতি॥

৯৬০। সব দিন নাহি রয় নবীন যুবতী। সব নিশা নহে কড়, পূর্ণচক্রবতী।

৯৩১। সমুদ্র বন্ধন আর স্ববংশ নিধন। বেঁচেছিত্র তাই সব করিত্ব দর্শন॥*

৯৩২। সলিলের রেখা আর হরিক্রার রঙ্গ।

ভূণের অনল আর গোলামের সঙ্গ।

৯৩৩। সহচরি মিছে তুমি কেন কর মান। পর কভুনিজ নহে, নিজ নহে আনে ॥

৯৩৪। সাধুর হৃদয় নবনী নব। অপরের তাপে যে হয় দ্রব 🏽

৯৩৫। সাপে দংশিয়াছে নন্দনে যার।

কূপের দড়িতে আতঙ্গ তার॥ ৯৬৬। স্ত্রী পুরুষে কভু নাই সাক্ষাৎ দুজনে।

रितिष्ठा व पूजित शूम बकीत शूकरन ॥

৯৩৭। হা বিধাত ! এমন কি কখন সম্ভবে। মধুরদ দিয়ে, নিত্য ঘর্ষয়ে,

নিম কি মধুর হবে॥

৯৩৮। ক্লুদে পাক্সমরেতে সকলের পাছে। ফিরিবার কালে সকলের আগে আছে।

[•] মিক্ষার উক্তি।

৯৩৯। চরণেতে নাই মাত্র ভূষণ চমক। হেদে দেখ চলনের কতই ঠমক॥ পিতলে বেসর নাকে নাডে অবিরত। ছইলে সোণার নথ নাচাইত কত।

৯৪০। বিয়ের বেলা বেমণ আজ্জান।

৯৪১। সানায়ে ফুঁপাড়ুতে ঠাকুরের বার উৎরে গেল।

৯৪২। কাণা সিউনী ধরিলে তিন জন কমী।

৯৪৩। বড় বিয়ে তার দুইপায়ে আলতা।

৯৪৪। শীকারের সময় কুকুর বাহ্যে বসিল।

৯৪৫। গোরুর পীরিত চেট্যে। মানুষের পীরিত সেঁটে 🏾

৯৪৬। ক্ষডের ঘরে ডেয়েকর্ত্রা।

৯৪৭। দল্প নগর ভাঙ্গিলে চিন্তা কামার রাজমিলী।

৮৪৮। সম্পত্তি রূপ চকুর ছানি, বিপত্তি অঞ্লনে নয়ট হয়।

৯৪৯। পাণ্ড়ী বান্তে বান্তে কাছারি বরখাস্ত।

৯৫০। ভেরেগুরি কুই আর ভেরেগুরি ধাডা।

তার জন্যে এত কেন কথা বার্ত্তা বাডা॥

৯৫১। অন্যায় রাজপুরে বিচালীর বড় মুখা * মন্ত্রী। ৯৫২। ঘর করেছে দুয়ার নাই।

[•] বুদ্ধিশাহির না হয়, সে জন্যে বিচালীর ভড়ং মুখে : ।

৯৫৩। এর চেয়ে চমৎকার কিবা আছে কথা।
পতি না দেখিয়ে হৈল প্রসবের ব্যথা। '
৯৫৪। অদ্ধের হস্তে দীপ দানে দেখিবে কি সেই।
৯৫৫। শুক্না নদীতে নৌকার প্রয়োজন কি ?।
৯৫৬। নদী বাড়িলে ঠাকুরের দিবা।

(অর্থাৎ দিব্য দানে কোন ফল নাই)
১৫৭ 1 ষাইট দেঁড়ো নৌকাতে জলন্দড়ো মাঝা।
১৫৮ । সোণার খান্বা ঘরে নিফিন্দার বেড়া 1
১৫১ 1 পোড়ে ঘর পুড়ক। ইন্দুর মাত্র মরুক্।
১৬০। রাঁড়ের কেন মাছের চিন্তা।
১৬১। কোমর আদুড়ের মাধায় পাগ্ড়ী।
১৬২। চল্তে না জানে পথের দোষ।
(নাচতে জানে না বামন ডেকরা।

উঠনকে বলে হেটা টেঙ্গরা॥)
৯৬৩। ভাগ্যের সন্ধান না নিয়ে কাকের প্রতি প্রহার।
৯৬৪। ঔষধ না থেয়ে খলে কামড়।
৯৬৫। ময়ুরের স্তত্য কালে পেচা হয় রাজা।
৯৬৬। না নুইলেই মাথায় চাল বাজে।
৯৬৭। গেয়ের প্রস্ব দেখে বলদ অস্থির।
৯৬৮। বস্তু হীন সেকরার আর কার্য্য কিবা।
নিজি মুরাইয়া সেই গত করে দিবা॥

৯৬৯। পর ঘরে মঙ্গল বার।

৯৭০। গাঁয়ের মেয়ে শিক্নী নাকী। ৯৭১। দুলুস্থ পর্যত স্থলর।

দূরস্থ বন্ধ স্থন্দর।

৯৭২। নাই মামার চেয়ে কাণা মামা ভাল।

৯৭৩। নাখেয়ে আঁচানের ধূম।

৯98 । जला शामी शायन शाय करा करा

৯৭৫। ঘর পোড়ার জিনিস্ যা পাও তাই ভাল।

"শস্যাঞ্ গৃহ্মাগতং।"

৯৭৬) কার্ণাগেয়ের ভিন্ন গোঠ।

৯৭৭। মেনী বিড়াল আগুলার উপর বীর।

৯৭৮। বাউরী পাড়ায় খটাস মহাবল।

৯৭৯। হলো বিড়াল ভোন্দড়ের প্রতি যোদ্ধা।



ৰুসীয়প্ৰবাদ।

- ১। অঙ্গীর শেষ সীমা নাই।
- অতিথি আহ্বান করিতে জানিলে হয় না, অতি-থিব অভার্থনা জান।
- ও। অক্স দেখিতে পায় না। কাঙ্গাল * দেখিতে চায়না॥
- ৪। অল্ল আবে লবণ ডাকাতকেও নরম করে।
- ে। অন্ন কখন জঠরকে অস্বেষণ করে না।
- ৬। অনোর ধনে ঝণ শোধ সহজ কর্ম।
- ৭। অলস্কারের অভাবই নারীর কুমতির অভাব।
- ৮। আকাশের শিশির অপেক্ষা মুখের শিশিরে * অধিক শস্য জন্মে ।
- ৯। আগে আজ্জাধর, পিছে তর্ক কর।
- ১০। আপন ভেয়ের কাছে প্রশংসা মানা। আপন ঘরের ধোঁয়ায় চক্ষু কাণা॥ 'গেয়য় যোগী ভিক পায়না''

[•] কাঙ্গাল বা দান্তিক।

[•] घर्मा ।

- ১১। আপনি মাতাল, চাক্রেরা মাতাল নয় বলিয়া, তাহাদের প্রতি প্রহার।
- ১২। ঈশ্র সত্তর নাহউন, কিন্তু তাঁহার লক্ষ্য জনি-বার্যা।
- ১৩। ঈশ্বরের প্রতি প্রার্থনা কর, কিন্তু নৌকা তীরে লইতে দাঁড়ে জোর দেও।
- ১৪। ঈশবের সহিত সমুদ্রে যাও, ঈশবের অভাবে ঘরের বাহির হইও না।
- ১৫। উট্কা কুকুর ভিনুগাঁয়ে তিষ্ঠিতে পারে না।
- ১৬। এক গর্ভে দুই ভালুকুের জায়গা হয় না।
- ১৭। এক গোঁজের উপর সকল জিনিস টান্ধানে। যায় না।
- ১৮। একবার এক জন গান ধরিলে সকলেই তান ধরে।
- ১৯৷ একবার দর্কাঙ্গ ভিজিলে তোমার আবার রষ্টিতে ভয় কি ১
- ২০। এক বুদ্ধি ভাল, কিন্তু দুই বুদ্ধি আরও ভাল।
- ২১। এক শ বংসর আংয়ু হইলেও সর্কদা শিক্ষা করিতে হয়।
- ২২। এক সময়ে দুই বার বসন্ত হয় না।
- ২৩। একস্ত্রীতে এক হাট, দুইস্ত্রীতে একটি বাজার।
- ২৪। এক হাঁতে গেরো দিতে পারা যায় না। "এক হাতে তালী বাকে না"

২৫। এলো আটি, খড় বৈ সার কি ?

২৬। ঐশ্বয্যের ভূণ শান্তির মাঠে রুদ্ধি পায়।

২৭। কখন বাছুরেরাও নেকভে ধরে।

২৮। কথা চড়ই পাথি নয়, উড়ে গেলে আগার ধরা যায় না।

২৯। কথায় কাষ নাই, কার্য্যমাত্র চাই।

৩০। কন্যারত বটে, কিন্তু যার কন্যা তার নয়।

৩১। কৰ্ণ ললাট হইতে উচ্চ হয় না।

৩২। কলমের লেখা কুড়ালীতেও কাটা যায় না।

৩৩। কাকদের আশ্রয় আকাশ, পৃথিবী নয়।

৩৪। কাঙ্গালের অহস্কার গাই গরুর পুতৃল খেলা।

৩৫। কালো দেখে ভাল বাস, গোরা হোলেতো সক-লেই ভাল বাসে।

৩৫। কাণা কুকুরছানাও আপন নায়ের দিগে যায়।

৩৭। কুঁজো কেবল কফনে * সেকা।

৩৮। কুকুর ডাক্ছ কেন?

নেকড়ের ত্রাস জন্মাইতে।

কুকুর লেজ গুড়ছে কেন?

নেকড়ের ভয়ে।

৬৯। কুকুরের ডাক পবনে বয়। (অর্ধাৎ বার্থ ডাকা-ডাকি।)

শব রক্ষণার্থ সিস্কুক।

- ৪০। কুকুরের লেজ কেটে দিলে, সে কখন ছাগল হয়না।
- ৪১। কুড়িয়ে নিতে রত্নচয়, সকলেই নত হয়।
- 8২। কৃষক অভাবে পুথিবী পিতৃহীনা।
- 80। থেঁকৃশিয়াল আপনার লেজের গর্মে গর্মিত।
- 88। থেঁক্শিয়াল মুমিয়ে মুমিয়ে মুর্গীপণন) করে।
- ৪৫। গাছকে যতই কেন সুইয়ে ধর না, সে থাড়া হবেই হবে।
- ৪৬। গাছটি তাল কি মন্দ তাহা জানিয়া তাহার ছায়াতে বসিও।
- 89। পির্জাঘরে যাবনাকো পথে বড় কাদা।
 শুঁতীর বাড়ী চল যাই, পথ সিধাশাদা।
- ৪৮। গোরু যোড়া আদি দব বেচিয়া ভাতার। কিনিলেন মহিলার মুকুতার হার॥
- ৪৯। গোরুর জিব লম্বা বটে, কিন্তু কথা কহিতে অশক্ত।
- ৫০। গৃহস্থ নির্বোধ হলে গৃহে লক্ষ্মী নাই।
 গৃহিণী নির্বোধ হলে পুড়ে হয় ছাই॥
- ৫১। বোড়া যতই দৌডুক্লেজ ছাড়িয়া যাবে না।
- ৫২। ঘোড়ার কাছে শূওর এনে বলে, তোর পা বাঁকা, তোর লোম অসার।
- ৫৩। চক্ষের জল ব্যতীত, স্ত্রীলোকের বল খাটে না।

- ৫৪। চাবুক অপেক্ষা ঘোড়া চালান ভাল।
- নে। ছোট চাবীতে বড় তালা খোলে না।
- ৫৬। জাত মানুষ মাত্রেরই আহারের ব্যবস্থা আছে।
 "জীব দিয়েছেন যিনি, আহার দিবেন তিনি।"
- ৫৭। জনক জননীর আশীর্ঝাদ কলে ভোবে না আগু-ণেও পোডে না।
- ৫৮। জননী উচান হাত, মুধীরে প্রহার। বিমাতা না তোলে হাত, কিন্তু শক্ত মার ॥
- ৫৯। জমীদার হংসের মত, তাহার হৃৎপিও ছোট বৃহ্ বড়। (অর্থাৎ দ্য়াহীন অথচ হঠাৎ ক্রোধাছয় 1)
- ৬০। জমীদারের দয়া সদর দরজা পর্যান্ত।
- ৬১। ঠাটা করিবার পূর্বে পশ্চাতের প্রতি ছট্টি-পাত কর l
- ৬২। তাঁর ভাবনা পর্কতের ওপাশে, তাঁর স্কন্ধের পশ্চাতে মৃত্য। "শিষ্কে শ্যন।.
- ৬৩। তাঁর কথা জলে লিখিয়া রাধ।
- ৬৪। তোমার লাঙ্গদের ফলা অপেক্ষা, বিচার পতির দণ্ড গুরুতর।
- ७८। मल्डक काँभीताला प्रत्यंत विषया।
- ৬৬। দশবার মালিবার পর একবার কাট।

- ৬৭। দাঙ্গাতে কেবল ধনী, মস্তক সামালে। দঃখী নিজ বস্ত্রখানি সামালে সে কালে॥
- ৬৮। দানে প্রাপ্ত বস্ত্র লয়ে, উলঙ্গ কাঙ্গাল বলে— "ছি এত মোটা—"
 - "ভিকার চাউল আবার কাঁডা আকাঁডা"
- ৬৯। দিনেক মদ্য পান করে, এক সপ্তা মাথা ধরে।
- ৭০। দুই জল বিন্দুর ন্যায়, তাহারা একাকার।
- 9১। দূটা খরগোশ শীকার করিলে, একটাও কিন্তু ধর† হয় না।
- ৭২। দুধের ছেলেরা ঈশ্বরেক জানে না, কিন্তু তারা ঈশ্বরের স্নেহভাজন।
- ৭৩। দুহিতারে সুন্দরী ভাবেন শুধু মাতা। পুল্লে জ্ঞানবান্ ভাবে যেই জন্মদাতা॥
- 98। ধরা চায় চাষ, ঘোড়া ইচ্ছা করে দানা। রমনীর ইচ্ছা শুধু বেশভ্বা নানা।
- প্রধান বিদ্যালয় বিদ্যালয় প্রদান বিদ্যালয় প্রদান বিদ্যালয় বিদ
- ৭৬। নারীর আবিদার যে মিটুবে, সে পুরুষ এখনও জন্মে নাই।
- ৭৭। নারীর বাকা শিরীষের আটা।
- १४। नाती शीन नत, जलशीन इश्म।
- ৭৯। না দোঁকা সুঁকী কোরে কুকুরও কুকুরের কাছে এগোয় না।

(অর্থাৎ পরিচয় না পাইয়া আগস্তুকের **সঙ্গে আলাপ** অক্ত্রিয়া)

- ৮০। নিজ নারীনহে কভু, জুভার মতন *। বার বার আংকর্ষণ আরে বিসর্জন ॥
- ৮১। নির্বোধের প্রতি যদি দৌত্যভার দাও। তবে তার পশ্চাতে পশ্চাতে তুমি যাও॥
- ৮২। নেকজিয়ার নিকট নিমন্ত্রণ পেয়ে ছাগল অনাগত **!**
- ৮৩। নেকুড়েকে যত পার **খাওয়াও সে বনের দিকেই** চাবে।
- ৮৪। নেক্ডেদের মধ্যে মিল থাকিলে, কুকুরদের লোপাপন্তি।
- ৮৫। নেক্ডেদের সঙ্গে থাকিতে হইলে, নেক্ড়ের মত চীৎকার কর।
- ৮৬। নেক্ডের জন্ম নিয়ে কখন খেঁক্শিয়াল হয় ?।
- ৮৭। নেক্ডের হাত পেকে পালিয়ে ভালুকের থাবায় পডিল।
- ৮৮। পড়িবার পূর্বে যদি কোন্স্থানে পড়িবে তাহাঁ জানিতে পার, তবে দেইখানে বিচালী বিছাইয়া রাখ।
- ৮৯। পতি হন প্রেয়দীর পিতার মতন।

নিজাঙ্গনা নহে কভুনৌকার মতন।

व्यवानगाना ।

নারী হন নরশিরে কিরীট রতন ॥

৯০। পত্নী কাটেন কাটনা, পতির দেখ নাচুনা!

৯১। প্রমান্ন থাকে যদি রক্কনের শালে।

b-b-

ৰন্ধুর অভাব নাই ভোজনের কালে॥

৯২। পরের ধনে ঋণ পরিশোধ সহজ কর্ম। 'পরের ভাতে বৈশ্বণ পোড়া''

৯৩। পরের পীঠে বোচকা হাল্কা বোধ হয়।

৯৪। পশম চেঙ্গালে সেই হইবে গ্রম। নারী চেঙ্গাইলে পরে হয়ত নরম॥

৯৫। পাগল গাছ রোপণ করিতে হয় না, তা আপন। হোতেই জন্ম।

৯৬। পাতরের প্রতি তীর ছোড়াতে তীরটীই নষ্ট।

৯৭। পার হোয়ে গেল বন । নামিলিল ইন্ধন ॥

৯৮। পিতলের কড়ায়ের সঙ্গে মাটীর হাঁড়ীর বিবাদে কি সাধ্য ?

৯৯। পীরিত, আঞ্চন আর কাশ। কভ্নারয় অপ্রকাশ॥

১০০। পুত্ৰ জন্ম দিতে জানিলে হয় না, শিক্ষা দিতে জান ৷

২০১। পুত্র লাভে আনন্দিত হয় ধনীজন। গাভী প্রস্বিলে স্থপীদ্রিডের মন॥

- ১০২। পুরতিন বন্ধ খোঁজ, কিন্তু ভূতন বাটী চাই।
- ১০৬। প্রকাণ্ড গদ্ধভ হোলেও কখন হাতী হবে না।
- ১০৪। প্রথম পাত্র মদ্য আবোমের জন্য। বিতীয় পাত্র আফ্লাদের জন্য। তৃতীয় পাত্র ককড়ার জন্য।
- ১০৫। প্রথম যৌবন ছায়ার মত। ধর্ত্তেগেলে পলায়, চল্যে গেলে পিছে ধায়।
- ১০৬। প্রদোষ অপেক্ষা প্রভাত পরিস্কার। (অর্থাৎ শেষাবস্থা অপেক্ষা প্রথমবস্থায় মকলই উৎক্রটা)
- ১০৭। প্রসব বেদনা, বড়ই যাতনা, কিন্তু শীঘ বিন্দৃত হয়।
- ১০৮। কড়িঙ্ যেন আপেন যাদের পাতাতেই থাকে।
- ২০৯। বড়জাহাজের জন্যে অনেক জল চাই।
- ১১০। বড় মানুষের চোক্রাঙ্গানিতে ভয় করিও না, গরিবের চোক্রের জলে ভয় কর।
- ১১১। বড়মানুষের মোসাছেব, তভুলের উঁ,ষ।
- ১১২। বড়লোক বড়লোক জানে। চামার খাবর চায়ার ভানে॥
- ১১৩। বংসর বংসর নেকড়ে লোম ছাড়িলে কি হবে, কিন্তু সে, যে নেকডে, সেই নেকড়ে।
- ১১৪। বংশরের দিন সংখ্যা অপেকা জমীদারের থেয়াল সংখ্যা অধিক।

১১৫। বাটী ক্রয় করা অপেফা পড়দী ক্রয় করা ভাল। ১১৬। বাড়ী কিছু কর্ত্তার অলঙ্কার নয়, কর্তাই বাড়ীর

অলকার।

১:91 বাপে যদি টক্থায়।
ছেলের দাঁত টকো যায়॥

১:৮। বিচারপতি ঘুষ নিলেই মোকদ্দমা কয়দল।

১১৯। বিদেশে, স্থাদেশের একটি কাক দেখলেও স্থাথের পরিসীমা থাকে না।

১২০। বিধবার আশ্রেয় ঈশ্বর, মনুষ্য নছে। "নিরাখালের খোদাই রাথাল"

১২১। বিধবার গৃহাচ্ছাদন জন্য যে একথানা চেলা কাঠ কেলিয়া দেয়, তাহার প্রতি প্রমেশ্বর প্রসন্ন।

১২২। বিবাহের তিন দিন পরে জাঁক করিও না, তিন বংসরের পর করিও।

১২৩। বিভক্ত রাজ্যের শীঘু বিনাশ।

১২৪। ভণ্ডের বন্ধত্বে বিশ্বাস নাই।

১২৫। ভরাপেট উপদেশে বধির।

১:৬। ভাই বিনাথাক্তে পারি। পড়্মী বিনাথাক্তে নারি⊪

১২৭। ভার্যার ধন যেন ভর্তার গলার লাঠী। (অর্থার বাহির ক্রিতে পারিলেই বাঁচেন)

১২৮। ভাল কুকুরের গায়েও এঁটুলী আছে।

- ১২১। ভাঁল ভূমি করি বারি বারেক এহণ। নয় বর্ষাবধি তাহণ করয়ে সারণ॥
- ১৩০। ভালুক কখন গোকার সহোদর নয়।
- ১৩১। ভালুক নাচতে চায় না, কিন্তু সকলেই তার নাকে দড়ী দিয়ে টানে।
- ১৩২। ভালুক শিকারী, শিকারের সময় ঘুমোয় না।
- ১৩৩। ভালুকের মঙ্গে সেঙ্গাৎ পাতাও, কিন্তু টাঙ্গি হাতে রাখ। "নবিশ্বসেদবিশ্বতং".
- ১৩৪। ভোজনার্থে চাম্বারে করহ নিমন্ত্রণ।
 - * ভোজনের পাত্রে সেই ক্রেখিবে চরণ।
- ১৩৫। মদ না খেলে তুমি সত্য কথা কও না।
- ১৩৬। মরিচায় যেইরূপ লৌহ ক্ষয় হয়। সেইরূপ শোকভরে হৃদয়ের ক্ষয়।
- ১৩৭। মরিবার জন্য প্রস্তুত হও, কিন্তু চাবে হেলা না হয়।
- ১৩৮। মহাজনের দরজা দিয়ে চুকিবার সময় চৌড়া, বাহির হবার সময় বড়কশা।
- ১৩৯। মাঘ্যী কিন্তু দাঁচো, সস্তা কিন্তু পচা। 'সস্তার তিন অবস্থা'
- ১৪০। মাছ মাঘ্যী হোলে কাৰ্ডারাও মাছ। "আদাভ গাঁয়ে শিয়াল বায"
- ১৪১। মাছের। মাথা থেকে প্রে। (অর্থাৎ বড়

লোক হইতেই কদাচার নীচগামী হয়)

- ১৪২। মাছিতে মাছি কাম্ডায় না।

 "কাকের মাংস কাকে খায় না,,
 "কোঁকের গায়ে জোঁক বদে না,,
- ১৪৩। মাতার চক্ষের জল বহে প্রোতস্বতী।
 ভার্মা অঞ্চ শৈবলিনী * শুদ্ধ শীমুগতি।
 নবোচা নয়নে অঞ্চ নীহার বিভ্রতি॥
- **১**৪৪। মাতালের হাতে ধন থাকিলে আঞ্ল বেয়ে পড়ে
- ১৪৫। মায়ের আশীর্কাদ সমুত্রের গর্ভেও সঙ্গে মারে।
- ১৪৬। মায়ের চাপড়ে হাড় ভাঙ্গে না।
- ১৪৭। মিট কথায় কাহারও জিব গুকার না।
- ১৪৮। মুর্থটিল ছুড়িলে তাহা পুঁজে পাওয়া সপুর্বির অসাধ্য।
- ১৪৯। মূর্য সমজে চিল ছুড়িলে, তাহা উদ্ধার করিতে এক শ জানী লোকের অসাধ্য 1
- ১৫০। মূর্থের প্রতি পূজার ভার দি লে প্রণামের চোটে মাথা ফাটারে।
- ১৫১। মুর্গী অধিক তাদিলে আগুর ঘোলা পড়ে। (কথীথ শিশুদিগকে অধিক লালন করা অকর্ত্রা)
- ১৫२ । हंड्रा अस्ति ते देत मूत्रीत नग्न।

[•] কুম্ম নদী। স্রোত না থাকা প্রযুক্ত যে মুদাতে দৈবাল জনে।

- ১৫৩। মেছো কখন মেছোকে নিকটে দেখিতে পারে না। (অর্থাৎ এক ব্যবসায়ীর মধ্যে বন্ধতা নাই।)
- ১৫৪। যদি আমাকে ভাল বাস, তবে আমার কুকুরকে মাবিও না।
- ১৫৫। জায়ে জায়ে বিছুটীর সন্থর।
- ১৫৬। যার সঙ্গে বন্ধুতা করিবে, তার সঙ্গে এক কাঠা লুণ খাও।
- ১৫৭ । যার মুখে নাগদানা, স্বই তার তিত।
- ১৫৮। যাহার কথন পীড়া হয় নাই, সে কথন আরে। সের সুধ জানে না। "বক্তাগতি যাতন। জানে না,,
- ১৫৯। যুদ্ধ শেষে অনেকে বীরবর।
- ১৬০। যেই কুলবতী হয় পবিত্র প্রকৃতি। তার কড় সাজা নয় অন্তঃপুরে স্থিতি ॥
- ১৬১। যে ঈশ্বর তোমাকে আর্দ্র করিয়াছেন, তিনিই তোমাকে শুকাইবেন।
- ১৬২। যে কৃওর জল খাবে, ভাতে ধুঁথু ফেলিওনা।
- ১৬৩। যেখানে পরাক্রম সেই খানেই বিধি।
- ১৬৪। যেথানে সূতার সঞ্চার সেই খানেই সূঁচ চলে 🛭
- ১৬৫। যে ঘোড়ায় আবোহণ, সেই ঘোড়া ভক্ষণ।

 "তোর শিল তোর নোড়া, তোরই ভাঞ্চি
 দাঁতের গোডা"

- ১৬৬। যে পর্যন্ত আমল নাছয়, সে পর্যান্ত কমলের তাবিফ কবিওনা।
- ১৬৭। যে পাখী আপনার বাসা ভাল বাসে না, সে পাখী আহামক।
- ১৬৮। রূপবতী ভার্যা বটে দেখিতে স্থন্দর। কিন্তু ধ্রুপবতী ভার্যা সঙ্গে সঙ্গ কর ॥
- ১৬৯। শক্তি, যুক্তির শ্মশান ভূমি।
- ১৭০। শষ্য গৃহগত হইলে ওজন কর। "না আঁচালে বিশ্বাস নাই"
- ১৭১। শিয়াল মাত্রেই আপনার লেজের প্রশংসা করে।
- ১৭২। শূকরকে ভোজনাসনে বসাইলে সে ভোজন পাত্রে পারাখিবে।
- ১৭৩। শৃদ্ধীগণ মধ্যে কড় ছাগ শৃদ্ধীনয়।
 পশু মধ্যে শকাক্রেরে কেহু না গণ্য ॥
 কক্ষটি না হয় গণ্য মৎস্যদের মাবে ।
 বাদুড় না পায় হান বিহক্ষ সমাজে ॥
 সেই ব্লপ নারীবশ হয় যেই নৱে।
 পুরুষ বলিয়া তারে কেবা গণ্য করে॥
- ১৭৪। শৈশবে শিক্ষিত জ্ঞান। রন্ধকালে প্রিয় জ্ঞান॥
- ১৭৫। সংসার যাতা মাঠ যাতা নয়।
- ১৭৬। সকল লোকই ভাল কি**ন্তু** সকলের জন্যে নয়।

১৭৭। সকালে উটিলে কিছু অনুতাপ নাই। সকালে করিলে বিয়ে তপ্ত হবে ভাই॥

্র ৭৮। সতী যুবতীর কর্ণও নাই চক্ষুও নাই। (অর্থাৎ কুকথায় কর্ণপাত করেন না, পর পুরু-বের প্রতি ছঞ্চিপাতও করেন না)

১৭৯। সরদারী কত জাঁক আপনার ঘরে। নাপিতের শিল সম সমাজ ভিতরে ॥

১৮০। দর্জ শর্মরীতে চোর না হয় বাহির। কিন্তু সদা দজাগ থাকিবে দব ধীর॥

১৮১। স্বগত হয়, স্তামাক্র রয়।

১৮২। সাজ্, না পরানো পর্যান্ত, ঘোড়ার গায়ে হাত বুলাও।

১৮৩। সারালো গাছে কুভূল মার, সড়া গাছ আপনিই পড়ে।

১৮৪। मिकु उ विन्तूत ममिष्टे।

১৮৫। স্থবুদ্ধি এক মন্তকের এক শ হাত।

১৮৬। দূর্যা আর মৃত্যু এ দুয়ের প্রতি স্থিরনেত্রে দৃষ্টিপতি করা যায় না।

১৮৭। সোণার খাটে শুলেও পীড়া আরাম হয় না।

১৮৮। প্রীজাতির এক দিনের মধ্যে বাহাস্তর বাহানা।

১৮৯ ৷ স্ত্রী পুরুষের বিবাদে কেহ হস্তক্ষেপ করিবে ৰা !

- ১৯০। জ্রীপ্রক্ষের মধ্যে মধ্যত্ম হওয়া ঈশ্বর বাতীও আর কাহারো সাধ্য নাই।
- ১৯১। জ্রীলোকের চুল লম্বা, কিন্তু বুদ্ধি ছোট।
- ১৯২। জ্রীলোকের "হাঁ এবং না, এই দুয়ের মধ্যে मूँ ह तांथिवात स्थान नाहे।
- ১৯৩। স্থপ্ন ভয়ন্তর, কিন্তু ঈশ্বর রূপাকর।
- ১৯৪। স্বৰ্ণ পিঞ্জরেতে পক্ষী স্বধেতে কাটায়। কিন্ত্র তার বড স্থুখ হরিত শাখায়। "তথাপি জন্মবিটপি ক্রোডে মনো ধাবতি"
- ১৯৫ ৷ স্বেচ্ছাচার এক ধনাগার, কিন্তু শয়তান তার প্রহরী।
- ১৯৬ ৷ হাঁটিয়া পার হওয়া যায় কি না? ইহা জানিয় ~ তবে জলে নামহ।
- ১৯৭। হাঁডী চেঁচার বর্ণ ভাল, কিন্তু স্কল গুলই একা कांत्र।
- ১৯৮। হাত থাকিলে মাংস হবে।
- ১৯৯। হাঁসিয়ালাগাইলে শাল গরম হয় না।
- ২০০। হিত বজাবছতম। হিত কর্তাঅতি কম।
- ২০১। ছড়ৰা আঁর ভাতে মেয়ে মাকুষ, বন্ধ থাকে না।
- র ভাতে মেধ্র নাম্ন । বর্ণ ধরে।

 তুর্ণ ধর ২০২। কার পাভূবর্ধরে।

বস্ত্র কিন্তু শুক্র করে।